

(প্রেস বিজ্ঞপ্তি)

০২ জুন'২০২৪খ্রিঃ

ওয়ার্ল্ড সিটিজ সামিট ২০২৪'এ যোগদান করেন
সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী আজ রোববার সকালে সিঙ্গাপুরের সানটেক কনভেনশন এন্ড এক্সিবিশন সেন্টারে ওয়ার্ল্ড সিটিজ সামিট ২০২৪ সম্মেলনে যোগদান করেন। পৃথিবীর মোট ৯৪টি সিটির মিউনিসিপালিটি ও সিটি কর্পোরেশনের মেয়রগণ এই সম্মেলনে অংশ নেন। সিঙ্গাপুরের জাতীয় উন্নয়ন মন্ত্রী ডেসমন্ড লির সভাপতিত্বে মেয়রদের এই ফোরামে পৃথিবীকে আরো বাসযোগ্য করার জন্য বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য উঠে আসে। সভায় জনগনকে সম্পৃক্ত করে কিভাবে অংশগ্রহণমূলক উন্নয়নের মাধ্যমে সিটি গরভনমেন্টের কার্য পরিচালনা করা যায় তা নিয়ে বিষয় আলোচনা হয়। বাংলাদেশ থেকে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র শেখ ফিজলে নূর তাপস ও গাজিপুর সিটি কর্পোরেশনের মেয়র জায়েদা খাতুনও এতে অংশগ্রহণ করেন। সম্মেলনে আগামী তিনদিন বিভিন্ন প্লেনারি সেশনে বিভিন্ন ইস্যু নিয়ে আলোচনা অনুষ্ঠিত হবে। এবং ২০২৫ সালে ভিয়েনাতে মেয়র সম্মেলন অনুষ্ঠিত হবে। যা সম্মেলনের প্রথম দিনে নির্ধারণ করা হয়।

চসিক ভারপ্রাপ্ত মেয়র আফরোজা জহুরের দায়িত্ব গ্রহণ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আফরোজা জহুর আজ রোববার সকালে দায়িত্ব গ্রহণ করেন। তিনি দায়িত্ব গ্রহণের পর তাঁর অফিস কক্ষে সিটি কর্পোরেশনের উর্ধ্বতন কর্মকর্তা, বিভাগীয় ও শাখা প্রধানদের সাথে বৈঠকে মিলিত হন। আফরোজা জহুর ভারপ্রাপ্ত মেয়র হিসেবে দায়িত্ব পালনকালীন সময়ে সকলের সহযোগিতা কামনা করেন। এ সময় তিনি নগর ভবনের সম্মুখে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন। সে সময় উপস্থিত ছিলেন-চসিক সচিব মোহাম্মদ আশরাফুল আমিন, প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, আইন কর্মকর্তা মো. জসিম উদ্দিন, প্রধান প্রকৌশলী শাহীন-উল-ইসলাম, স্পেশাল মেজিস্ট্রেট মনীষা মাহাজন, নির্বাহী মেজিস্ট্রেট চৈতি সর্ববিদ্যা, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ ইমাম হোসেন রানা, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা শাহ্‌দুসত্‌রীন ফেরদৌসী, শিক্ষা কর্মকর্তা মোছাম্মৎ রাশেদা আক্তার, প্রকল্প পরিচালক মো. আনিসুর রহমান সহ শাখা প্রধানগণ। এছাড়াও ভারপ্রাপ্ত মেয়র আফরোজা জহুর আজ দুপুরে চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সাবেক সহসভাপতি প্রাক্তন মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা ডাঃ মোঃ আফছারুল আমীনের মৃত্যুবার্ষিকী উপলক্ষে তাঁর কবরে পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় তাঁর সাথে ছিলেন-কাউন্সিলর অধ্যাপক মো. ইসমাঈল, আবদুস সালাম মাসুম, সংরক্ষিত কাউন্সিলর হুরে আরা বিউটি, রুমকী সেনগুপ্ত।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮